



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
কুচাইতলী, কুমিল্লা-৩৫০০।
www.fpo.comilla.gov.bd

“ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

নম্বর: ৫৯.১১.১৯০০.০০০.৯৯.০০২.২৩.৪৪০

১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কুমিল্লা জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ধীন উপজেলা অফিসসহ মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ বিভিন্ন অজুহাতে নিজেদের মধ্যে পারস্পরিক বিরোধে জড়িয়ে একে অপরের বিরুদ্ধে নামে-বেনামে/ ছদ্ম নাম ব্যবহার করে প্রমাণক ছাড়া নিম্নস্বাক্ষরকারী কিংবা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অভিযোগ/দরখাস্ত করেন। বেনামী বা নামবিহীন বা ঠিকানাবিহীন ছদ্ম নামী দরখাস্তের সংখ্যা ক্রমেই বেড়ে যাচ্ছে। কোন কোন ক্ষেত্রে অভিযোগ/দরখাস্তে যেসকল নাম বা ফোন নম্বর ব্যবহার করা হচ্ছে তাদের সাথে আলোচনা বা যাচাইকালে দেখা যায় যে, তারা নিজেরাই এ বিষয়ে কিছুই জানেন না। এতে মাঠ কার্যক্রমে নেতিবাচক প্রভাবসহ প্রশাসনিক বিশৃঙ্খলার উৎপত্তি হচ্ছে।

০২। ভিত্তিহীন/হয়রানীমূলক অভিযোগ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীকে বিড়ম্বনা ফেলার পাশাপাশি দাপ্তরিক কার্যক্রমে নিরুৎসাহিত করতে পারে।

০৩। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সাধনসহ জনসেবায় নিযুক্ত কর্মচারীদের মধ্যে কাজের স্বার্থে তথা জনস্বার্থে সুন্দর সম্পর্ক ও সৌহার্দ্যপূর্ণ মনোবল থাকা বাঞ্ছনীয়। এতে কর্মপরিবেশ সুন্দর থাকে। ঐক্য ও সংহতি সাধনের মাধ্যমে দপ্তর/বিভাগ শক্তিশালী হয়, যা প্রত্যেক কর্মচারীর জন্য ইতিবাচক।

০৪। মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ পরস্পর নিজেদের মধ্যে বিরোধে জড়িয়ে পড়লে বিভাগীয় কার্যক্রম ব্যাহত হয় বিধায় যেসকল উপজেলায় এই ধরনের বিরোধ রয়েছে উভয় পক্ষকে নিয়ে দক্ষ/বিরোধ মিটিয়ে মতামত ও বিবদমান পক্ষের অঙ্গীকারনামসহ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে, মাঠ পর্যায়ের সকল পদই প্রশাসনিক/জনস্বার্থে বদলিযোগ্য বিষয়টি সকলকেই মনে রাখতে হবে।

০৫। তবে কোন জনসাধারণ বা সেবাগ্রহীতা কর্তৃক অভিযোগ/দরখাস্তের যদি সুনির্দিষ্ট বিষয়/ঘটনা, ঘটনার সময় সংশ্লিষ্ট ব্যক্তিদের নাম, প্রমাণ সম্বলিত কাগজপত্রাদি থাকে তাহলে এই ধরনের অভিযোগ তদন্তযোগ্য হতে পারে।

এমতাবস্থায়, কুমিল্লা জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ধীন উপজেলা অফিসসহ মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ পারস্পরিক বিরোধ হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। বেনামী বা নামবিহীন বা ঠিকানাবিহীন ছদ্ম নামী দরখাস্তের সাথে জড়িত অহেতুক জটিলতা ও বিভ্রান্তি সৃষ্টিকারী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বদলিসহ বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

২৫-০৪-২০২৪
মেহবুব মোর্শেদ
উপ পরিচালক

ddcumilla@dgfp.gov.bd

নম্বর: ৫৯.১১.১৯০০.০০০.৯৯.০০২.২৩.৪৪০/১ (৬)

১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা;

২। পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম;

৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিক্যাল অফিসার (ক্লিনিক/এমসিএইচ-এফপি)-----

---- (সকল), কুমিল্লা;

৪। মেডিক্যাল অফিসার, রাজাপুর ইউনিয়ন মা ও শিশু কল্যাণ কেন্দ্র, বুড়িচং, কুমিল্লা;

৫। সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, কুমিল্লা এবং

৬। গার্ড ফাইল।



২৫-০৪-২০২৪

ডা. মো: মনজুর মোর্শেদ রিপন
সহকারী পরিচালক (সিসি)